বাসগৃহ মালিকদের জন্য কোভিড-১৯ সম্বন্ধীয় তথ্য

কোভিড-১৯ এর কারনে আপনি কি আপনার মর্টগেজ পরিশোধ করতে সমস্যা বোধ করছেন?

ফেডারেল, রাজ্য এবং স্থানীয় সরকারগুলো কোভিড-১৯ সংকটের কারণে বন্ধক এবং ট্যাক্স প্রদানের জন্য অসুবিধাগ্রস্থ বাড়ির মালিকদের সহায়তা প্রদান করছে।

মিশিগান মর্টগেজ রিলিফ

গভর্নর হুইটমার এবং মিশিগান ডিপার্টমেন্ট অফ ইন্সুরেন্স এন্ড ফিনান্সিয়াল সার্ভিসেস (ডিআইএফএস) এমআই মর্টগেজ রিলিফ পার্টনারশিপ গঠন করেছে।
মিশিগানের ২০০টিরও বেশি আর্থিক প্রতিষ্ঠান নিম্নলিখিত পদক্ষেপগুলো নিতে সম্মত হয়েছে;

- সকল প্রকার মর্টগেজ পরিশোধের জন্য ৯০ দিনের অনুগ্রহকালীন সময় দেয়া
- মর্টগেজ সম্পর্কিত বিলম্ব ফি ও চার্জ ৯০ দিনের জন্য মওকুফ করা
- ৬/২২ পর্যন্ত সম্পত্তি সময়ের পূর্বে বন্ধ করা স্থগিত করা
- ক্রেডিট স্কোর রিপোর্ট করা থেকে বিরত থাকা
- ঋনগ্রহীতাদের সাথে কাজ করে তাদের প্রয়োজনসমূহ পূরণ করা

আপনার ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান এই প্রোগ্রামে অংশ নিচ্ছে কিনা তা দেখতে বা আরও জানতে, ভিজিট করুন Michigan.gov/MiMortgageRelief অথবা কল করুন ৮৭৭-৯৯৯-৬৪৪২।

ডেট্রয়েট এর সম্পত্তির কর আদায়ে সহযোগিতা

হোমওউনারস প্রোপার্টি ট্যাক্স এ্যাসিসটেন্স প্রোগ্রাম (HPTAP)–টি গৃহ মালিকদের তাদের আর্থিক অবস্থা ও পারিবারিক পরিস্থিতি বিবেচনা করে চলমান বছরের সম্পত্তির কর মওকুফ করানোর সুযোগ প্রদান করে।

পে এজ ইউ স্টে (PAYS) গৃহ মালিকদের বিগত বছরের সম্পত্তির অনাদায়কৃত কর কমিয়ে তাদের উপর থেকে কর আদায়ের বোঝা কমাতে সাহায্য করে।

আরও তথ্যের জন্য;

- সিটি অফ ডেট্রয়েট; ভিজিট করুন-https://detroitmi.gov/departments/office-chief-financial-officer/pay-you-stay, কল করুন (৩১৩) ২২৪-৩০৩৫ অথবা ইমেইল করুন BoardofReview@DetroitMI.gov
- ইউনাইটেড কমিউনিটি হাউজিং কোয়ালিশন(UCHC): কল করুন (৩১৩) ৯৬৩-৩৩১০ অথবা ভিজিট করুন https://www.uchcdetroit.org/

মেকোম্ব,ওকল্যান্ড এ্যান্ড ওয়েইন কাউন্টি রিলিফ

ওয়েইন কাউন্টি

২০২০ সালের শেষ পর্যন্ত সময়ের পূর্বে সম্পত্তি বন্ধ করা স্থগিত। বিগত বছরের সম্পত্তির কর তবুও পরিশোধ করতে হবে। সুদের অংক অনাদায়কৃত টাকার পরিমাণের সাথে যুক্ত হতে থাকবে। দি ওয়েইন কাউন্টি ট্রেজারার'স অফিস হতাশাগ্রস্থ করদাতাদের বিগত বছরের সম্পত্তির কর আদায়ে বিভিন্ন প্রকার সহায়তা পরিকল্পনা দিচ্ছে। আরও তথ্যের জন্য, কল করুন দি ওয়েইন কাউন্টি ট্রেজারার'স অফিস (৩১৩) ২২৫-৫৯৯০ অথবা ভিজিট করুনঃ https://www.waynecounty.com/elected/treasurer/taxpayer-assistance.aspx. আপনি আরও সাহায্য পেতে যোগাযোগ করুন ইউনাইটেড কমিউনিটি হাউজিং কোয়ালিশন (UCHC) (৩১৩) ৯৬৩-৩৩১০ অথবা ভিজিট করুন https://www.uchcdetroit.org/

ওকল্যান্ড কাউন্টি

২০২০ সালের শেষ পর্যন্ত সময়ের পূর্বে সম্পত্তি বন্ধ করা স্থগিত। করদাতারা বিগত বছরের কর আদায়ে যতটুকু সম্ভব চেষ্টা করা, কিন্তু তাদের ও তাদের পরিবারের সুস্থতা ও সুরক্ষাকে অগ্রাধিকার দেয়া। আরও তথ্যের জন্য, কল করুন (২৪৮) ৮৫৮-০৬১১ অথবা ভিজিট করুনঃ https://www.oakgov.com/treasurer/residents/Pages/tax.aspx#:~:text=2020%20Tax%20Foreclosure%20Policy%3A,COVID%2D19%2Drelated%20circumstances.

মেকোম্ব কাউন্টি

২০২০ সালের শেষ পর্যন্ত সময়ের পূর্বে সম্পত্তি বন্ধ করা স্থগিত। বিগত বছরের সম্পত্তির কর তবুও পরিশোধ করতে হবে। সুদের অংক অনাদায়কৃত টাকার পরিমাণের সাথে যুক্ত হতে থাকবে। মেকোম্ব কাউন্টি বাসিন্দাদের যাদের সহায়তার প্রয়োজন তারা **পে এজ ইউ স্টে** চুক্তির আওতায় জরিমানা কর, সুদ এবং/অথবা ফি হ্রাসের জন্য উপযুক্ত হতে পারেন তবে শর্ত থাকবে, যে নগর, জনপদ বা গ্রামে তারা বাস করে সেই সকল স্থানীয় সংস্থা তাতে অংশ নিতে সম্মত হয়। আরও তথ্যের জন্য কল করুন (৫৮৬) ৪৬৯-৫১৯০।

আরও তথ্যের জন্য পরবর্তী পৃষ্ঠায় যান

এই ডকুমেন্টের তথ্যসমূহ আমাদের দক্ষতার সেরাটি দিয়ে যাচাই করা হয়েছে তবে তা কর বা আইনী পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। কোনও পদক্ষেপ নেওয়ার পূর্বে একজন অ্যাকাউন্টেন্ট এবং/অথবা আইনজীবীর সাথে পরামর্শ করার জন্য আমরা আপনাকে খুব বেশী সুপারশ করি। গ্লোবাল ডেট্রয়েট গ্যারান্টি দিতে পারে না যে আমাদের সেরা প্রচেষ্টা দেওয়া সত্ত্বেও এই ডকুমেন্টটিতে কোনও ভুল বা ত্রুটি নেই এবং দ্রুত পরিবর্তন হওয়া বর্তমান পরিস্থিতিতে, প্রকাশের সময়ের পরে কোনও পরিবর্তনগুলো ঘটতে পারে যা এই নথির তথ্যের যথার্থতার উপর প্রভাব ফেলতে পারে। এই ডকুমেন্টটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে ১২ জুন, ২০২০।

GLOBAL DETROIT

বাসগৃহ মালিকদের জন্য কোভিড-১৯ সম্বন্ধীয় তথ্য

ফেডারেল সরকার সমর্থিত মর্টগেজ রিলিফ

যদি আপনার মর্টগেজ ফেডারেল সরকার দ্বারা সমর্থিত হয় এবং আপনি আপনার বন্ধকী অর্থ প্রদান করতে সক্ষম না হন তবে আপনি ১৮০ দিনের জন্য (ফরবিয়ারেন্স) সহনশীলভাবে অর্থ প্রদান করার অনুরোধ করতে পারেন। এই সহনশীলতা (ফরবিয়ারেন্স) এমন এক সময়কাল যেখানে যদি কোনও বাড়ির মালিক নিয়মিত অর্থ প্রদান করতে সক্ষম না হন তাহলে কোনও ঋণ প্রদানকারী সংস্থা সম্পত্তি বন্ধ করার (ফোরক্লোজার) প্রক্রিয়া শুরু না করতে সম্মত হন। কোন কোন ক্ষেত্রে, আপনার মর্টগেজ এর অর্থ পরিশোধের সময়কাল ১২ মাস পর্যন্ত স্থগিত করা হয়। আপনার

আপনার আর্থিক কষ্ট অবশ্যই কোভিড-১৯ এর কারনে হতে হবে। ফেডারেল সরকার দ্বারা সমর্থিত মর্টগেজসমূহ হচ্ছে এফ এইচ এ, ভি এ, ইউ এস ডি এ, ফেনি ম্যা অ্যান্ড ফ্রেডি ম্যাক।

আরও তথ্যের জন্য, আপনার ঋণদাতা সংস্থাকে অথবা সরাসরি ফেনি ম্যা কে কল করুন 1-800-2FANNIE অথবা ভিজিট করুন– www.knowyouroptions.com/covid19assistance.

সবার জন্য গুরুত্বপূর্ণ তথ্য

আপনি যদি আপনার বন্ধকী অর্থ পরিশোধ করতে পেছনে পড়ে যান তবে সম্পত্তি বন্ধ হওয়া (ফোরক্লোজার) এড়াতে এই পদক্ষেপগুলো গ্রহণ করুন;

- আপনার সম্পত্তি বন্ধ হওয়া (ফোরক্লোজার) কেস সম্পর্কে আপনি যে সমস্ত যোগাযোগ পেয়েছেন তার সবগুলোতে মনোযোগ দিন এবং অবিলম্বে কাজ করুন।
- যত তাড়াতাড়ি সম্ভব আপনার ঋণ প্রদানকারী সংস্থার সাথে যোগাযোগ করুন। এর ফলে তারা জানবে যে আপনি সঠিক কাজটি করতে চান, এবং তারা আপনাকে প্রক্রিয়াটির মধ্যে দিক নির্দেশনা দিবে।
- আপনি আপনার ঋণ প্রদানকারী সংস্থাকে কল করার পূর্বে কিছু গুরুত্বপূর্ণ তথ্য যোগার করে নিন। তারা জানতে চাইতে পারেঃ
    - আপনার বর্তমান পরিস্থিতি কি?
    - আপনি যদি কিছু অর্থ পরিশোধ করতে পারেন, তা কত?
    - আপনি কখন পুনরায় অর্থ পরিশোধ করা শুরু করতে পারবেন?
    - আপনার বর্তমান আয় কত?
    - আপনার বর্তমান ব্যায় কত?

সময়ের পূর্বে সম্পত্তি বন্ধীকরন (ফোরক্লোজার) পরামর্শ

আপনি যদি আপনার বন্ধকী অর্থ পরিশোধ করতে পেছনে পড়ে যাওয়ার বিষয়ে উদ্বিগ্ন হন তবে আপনি মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন বিভাগ (দি ইউ.এস ডিপার্টমেন্ট অফ হাউজং এ্যান্ড আরবান ডেভেলপমেন্ট - এইচইউডি) দ্বারা অনুমোদিত একটি অলাভজনক গৃহ বিষয়ক পরামর্শদাতার সাথে কথা বলতেও চাইতে পারেন। এই ধরনের পরামর্শ বিনামূল্যে উপলভ্য ও গোপনীয়।

একজন সম্পত্তি বন্ধীকরন পরামর্শদাতাকে খুঁজে পেতে ভিজিট করুন https://housing.state.mi.us/webportal/default.aspx?page=counseling_start **অথবা দি** হোমওউনারস হোপ (Homeowners HOPE ™) এর হটলাইনে কল করুন (৮৮৮) ৯৯৫-৪৬৭৩।

কোভিড-১৯ সম্মন্ধীয় আরও তথ্য সম্পদের জন্য, ভিজিট করুন globaldetroitmi.org/covid19.

এই ডকুমেন্টের তথ্যসমূহ আমাদের দক্ষতার সেরাটি দিয়ে যাচাই করা হয়েছে তবে তা কর বা আইনী পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। কোনও পদক্ষেপ নেওয়ার পূর্বে একজন অ্যাকাউন্টেন্ট এবং/অথবা আইনজীবীর সাথে পরামর্শ করার জন্য আমরা আপনাকে খুব বেশী সুপারশ করি। গ্লোবাল ডেট্রয়েট গ্যারান্টি দিতে পারে না যে আমাদের সেরা প্রচেষ্টা দেওয়া সত্ত্বেও এই ডকুমেন্টটিতে কোনও ভুল বা ত্রুটি নেই এবং দ্রুত পরিবর্তন হওয়া বর্তমান পরিস্থিতিতে, প্রকাশের সময়ের পরে কোনও পরিবর্তনগুলো ঘটতে পারে যা এই নথির তথ্যের যথার্থতার উপর প্রভাব ফেলতে পারে। এই ডকুমেন্টটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে ১২ জুন, ২০২০।

GLOBAL DETROIT